139

ভোরের কাগজ

তারিখ · APR. 1 3 1999
পৃষ্ঠা 2 কলাম 4

ছাত্রীদের ১০ দফা দাবি

# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজের অধ্যক্ষা ঘেরাও

চট্টগ্রাম অফিস : চট্টগ্রাম সরকারি মহিলা কলেজে নতুন ছাত্রী সংসদ নির্বাচনের তারিখ ঘোষণা, শিক্ষক ঘাটতি পূরণ, নষ্ট গাড়ি মেরামতসহ ১০ দফা দাবিতে গতকাল কলেজের ছাত্রীরা কলেজ অধ্যক্ষা ফাউজিয়া আলীকে প্রায় দুই ঘন্টা ঘেরাও করে রাখে।

জানা যায়, গতকাল সকাল ১০টার দিকে কলেজ অধ্যক্ষ তার কলেজ ক্যাম্পাসের বাসভবন থেকে বের হয়ে কলেজের অফিসে যাওয়ার পথে ছাত্রীদের দ্বারা ঘেরাও হন। ঐ সময় ছাত্রীরা তাদের বিভিন্ন দাবি-দাওয়া মেনে নেওয়ার জন্য শ্লোগান দিতে থাকে। এক পর্যায়ে অধ্যক্ষা আবার বাসায় ফিরে যান। কিন্তু ছাত্রীদের চাপের মুখে আবার তিনি অফিসে ফিরে এলে ছাত্রীরা আবারো তাকে তার অফিসে ঘেরাও করে এবং তাদের দাবিসমূহ মেনে নেওয়ার জন্য শ্লোগান দিতে থাকে।

প্রায় ৭০০/৮০০ ছাত্রীর ঘেরাওয়ের মুখে কলেজ অধ্যক্ষা ছাত্রীদের সঙ্গে তাদের দাবি-দাওয়া নিয়ে আলাপ করেন। এ সময় ছাত্রীরা ১০ দফা দাবিসংবলিত একটি স্মারকলিপি পেশ করে। অধ্যক্ষা দাবিসমূহ মেনে নেওয়ার আশ্বাস দিলেন ছাত্রীরা তাদের ঘেরাও প্রত্যাহার করে নেয়।

গতকাল দুপুরে কলেজের ছাত্রীরা ভোরের কাগজের কাছে অভিযোগ করে যে, দীর্ঘ আড়াই বছর হলেও ইতিপূর্বেকার ছাত্রী সংসদ বাতিল করে নতুন নির্বাচনের তারিখ ঘোষণা করা হয়নি। কলেজ ছাত্রীদের পরিবহনের জন্য দুটি বাস প্রায় ৩ বছর যাবৎ নষ্ট হয়ে আছে। ছাত্রীরা জানায়, এ ছাড়া হোস্টেলে ফ্যান প্রদান, পানির সমস্যা নিরসন ও ডাইনিঙের খাবার উন্নত করাসহ ১০ দফা দাবিতে তারা এই ঘেরাও ও বিক্ষোভ করেছে।